দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 1996
পৃ ৩ কলম ৪

# বিজ্ঞান শিক্ষা উন্নয়নে ৫ শত জ্ঞানপীঠ ইন্টারনেটে যুক্ত হইবে

ইত্তেফাক রিপোর্ট ॥ রাজধানীর তেজগাঁয়ে অবস্থিত বিজ্ঞান কলেজ ৫টি কম্পিউটার ও মোডেমের বরাদ্দ লাভ করিলে কম্পিউটারে প্রায় ১৫ লক্ষ পৃষ্ঠার ৫ ধরনের এন সাইক্লোপেডিয়া ছাড়াও পদার্থ বিজ্ঞান, জীববিজ্ঞান, রসায়ন, গণিত শাস্ত্রের আরও ৬ লক্ষ পৃষ্ঠার উন্নত ও সর্বাধুনিক জ্ঞানভাণ্ডারের মোট ৫টি

(৪র্থ পৃঃ দ্রঃ)

## বিজ্ঞান শিক্ষা

(৩য় পৃঃ পর)

সিডি-রম ডিস্ক সাথে পাইবে। বিজ্ঞানের শিক্ষক ও শিক্ষার্থীদের জ্ঞানস্তর উন্নয়নে এই স্থায়ী জ্ঞান সম্পদের সহিত ভার্সিটি ও দেশের জ্ঞানকেন্দ্র হইতে এবং ইন্টারনেটের মাধ্যমে সারা বিশ্ব হইতে আরও জ্ঞানসম্পদ প্রতিনিয়ত আহরণ করা সম্ভব হইবে। গত শনিবার ইন্টারনেট সপ্তাহের চতুর্থ দিনে বিজ্ঞান কলেজে অধ্যাপক মোঃ আবদুল কাদের ও ঢাকা ভার্সিটির কম্পিউটার বিভাগের তরুণ শিক্ষার্থী মুহম্মদ শামীমুজ্জামান শিক্ষকদের এক সমাবেশে এ তথ্য উল্লেখ করেন। উল্লেখ্য, দেশের ১৩৬টি সরকারী ও উন্নত বেসরকারী কলেজ এবং ৩১৭টি সরকারী বিদ্যালয়ে এবার শিক্ষা উন্নয়ন কর্মসূচীর আওতায় নেটওয়ার্কে সংযুক্ত হওয়ার সুবিধাসহ কম্পিউটার পাঠানো হইবে।

অধ্যাপক মুঃ আবদুল কাদের জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগের তরুণ অধ্যাপক ডঃ আলমগীরের নেতৃত্বে মেধাবী কম্পিউটার শিক্ষার্থীদের একটি টীম চিঠিপত্র, টেলিফোন ও কম্পিউটারে প্রাপ্ত বিজ্ঞান ও তথ্য প্রযুক্তির শিক্ষা প্রশিক্ষণের জিজ্ঞাসার উত্তর খুঁজিয়া ২৫৬টি জ্ঞানকেন্দ্রে প্রেরণের জন্য একটি বেসরকারী কম্পিউটার জগৎ নেটওয়ার্ক গড়িয়া তুলিতেছে। তখন সরকারী ও বেসরকারী উদ্যোগের সমন্বয়ে একটি জাতীয় শিক্ষা নেটওয়ার্ক গড়িয়া উঠিবে। ইহার ফলে ৫ শতাধিক জ্ঞানকেন্দ্র বিজ্ঞান শিক্ষা উন্নয়নের নেওয়ার্কে যুক্ত হইবে। সভায় ফোর্ড ফাউণ্ডেশনের গবেষক এণ্ড্রু রবিনসনের 'ইন্টারনেট' সফটওয়ারের মাধ্যমে বিশ্ব-কম্যুনিকেশনের নূতন মাধ্যমটি ব্যাখ্যা করা হয়। অধ্যক্ষ কাওসার আলী, অধ্যাপিকা হোসনা আখতার, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রধান অধ্যাপিকা মাহফুজা খানম, গণিত বিভাগের প্রধান অধ্যাপক শাহাবুদ্দিন প্রমুখ জ্ঞানপীঠ ও জ্ঞানোন্নয়নে ইন্টারনেট-এর আলোচনা সভায় উপস্থিত ছিলেন।